



ঢাকা ওয়াসা

- ০১। ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
 ০২। অনুমোদিত দরের কপি।
 ০৩। প্রস্তাবিত কাজের সিস্টেম নকশা।
 ০৪। ক্যালকুলেশন শীট।
 ০৫। প্রাক্কলন।

বিষয়: Mass Cleaning of sewer line & manhole at Nillambor Shaha Road, Kolal Mohol, Vagolpur Lane, Hazaribagh Road (partly) and adjacent area under MODS Zone-2, Dhaka WASA. (Group-07) শীর্ষক কাজ প্রসঙ্গে।

০১। সদয় অবগত করানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার মডস জোন-২ এলাকা ঢাকা মহানগরীর অন্যতম জনবহুল বাণিজ্যিক, আবাসিক এবং পর্যটন এলাকা। এই জোনের আওতাধীন এলাকায় লালবাগের কেব্লা, আহসান মঞ্জিল, হোসেনী দালান, ছোট কাটরা, বড় কাটরা, মকিম বাজার ইত্যাদি ঐতিহাসিক স্থাপনা বিদ্যমান রয়েছে। এছাড়া চকবাজার, মৌলভী বাজার, ইসলামপুর, সদরঘাটসহ গুরুত্বপূর্ণ বাণিজ্যিক স্থান রয়েছে। ফলে দেশী বিদেশী পর্যটক, ব্যবসায়ী ব্যক্তিও গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গসহ সাধারণ ব্যক্তিগণ চলাচল করে থাকেন। এম.আই.এস রিপোর্ট অনুযায়ী অত্র জোনে বিভিন্ন ব্যাসের প্রায় ১৬২ কিলোমিটার Sewerage Network এবং প্রায় ৩৫০০ টি Manhole ও Y pit বিদ্যমান রয়েছে। উক্ত Sewerage Network দ্বারা অত্র জোনের গ্রাহকদের পয়ঃ বর্জ্য অপসারিত হয়। পয়ঃ সংযোগের বিল বাবদ ঢাকা ওয়াসার বিপুল পরিমাণ রাজস্ব আয় হয়। সুষ্ঠু পয়ঃ ব্যবস্থাপনা বজায় রাখতে বাৎসরিক ভিত্তিতে Mass Cleaning কাজ করা হয়। মডস জোন-২ এর Sewerage Network টি দীর্ঘ দিনের পুরাতন ও সিটি কর্পোরেশন বিভিন্ন উন্নয়ন মূলক কাজের কারণে Sewerage Network টির বিভিন্ন জায়গা ক্ষতিগ্রস্ত হয়েছে। বর্তমানে জোনের আওতাধীন বিভিন্ন এলাকায় Sewerage Network Block হয়ে Sewer flow বাধা প্রাপ্ত হচ্ছে। যার ফলে অনেক এলাকায় মাঝে মাঝেই Sewer over flow হয়ে পরিবেশ দূষিত করছে। এছাড়া জনস্বাস্থ্যের ঝুঁকি বৃদ্ধিসহ সাধারণ জন চলাচল বিঘ্নিত হচ্ছে। Sewer overflow কারণে প্রায়শই সম্মানিত গ্রাহকগণ হতে ওয়াসা লিংক এবং সরাসরি অভিযোগ পাওয়া যাচ্ছে। বর্তমানে বিভাগীয় লোকবলের মধ্যে ক্রিনার পদে স্থায়ী ০১ জন, মাস্টার রোলে ০১ জন এবং আউট সোর্সিং এ নিয়োজিত ০১ জন কর্মরত। এই স্বল্প সংখ্যক লোকবল দ্বারা Sewer overflow নিরসনের কাজ চালিয়ে নেয়া হচ্ছে। কিন্তু সুষ্ঠুভাবে Sewer flow বজায় রাখা, পরিবেশ দূষণ রোধ ও ঢাকা ওয়াসার ভাবমূর্তি রক্ষার্থে আসন্ন শীত মৌসুমের পূর্বেই জরুরী ভিত্তিতে Sewerage Network ও Manhole সমূহ Mass Cleaning কাজ করা প্রয়োজন। কেননা পরবর্তীতে তীব্র শীত মৌসুমে Sewerage Network ও Manhole সমূহ Mass Cleaning করা কষ্টসাধ্য হয়। উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে মৌখিক আলোচনার প্রেক্ষিতে পূর্ববর্তী বছরের ন্যায় দৈনিক মজুরী ভিত্তিতে কাজ করার পরিকল্পনা করা হয়েছে। সেই প্রেক্ষিতে মডস জোন -২ এর আওতাধীন Nillambor Shaha Road, Kolal Mohol, Vagolpur Lane, Hazaribagh Road (partly) সহ আশে পাশের এলাকায় Mass Cleaning এর Sludge উত্তোলনের এবং উত্তোলিত Sludge অপসারণের কাজ মার্চ/২৫ ইং মাস হতে শুরু করা যেতে পারে। উল্লেখ্য যে, Mass Cleaning কাজের ধারাবাহিকতা থাকলে Sewerage Network এর Sewer flow স্বাভাবিক রাখা সম্ভব হবে। এছাড়াও Sewerage Network এর পাশাপাশি এলাকাবাসীর সাথে যোগাযোগ থাকায় অল্প সময়ের ব্যবধানে Mass Cleaning কাজ করা হলে কাজ করিতে সুবিধা হয়। ইহা ছাড়াও গ্রাহক সন্তুষ্টি অর্জনের পাশাপাশি ঢাকা ওয়াসার সুনাম বৃদ্ধি পায়।

০২। Mass Cleaning of sewer line & manhole at Nillambor Shaha Road, Kolan Mohol, Vagolpur Lane, Hazaribagh Road (partly) and adjacent area under MODS Zone-2, Dhaka WASA. (Group-07) শীর্ষক কাজটি ৩১দিন ব্যাপী কয়েকটি ভাগে বিভক্ত করিয়া মাস্ ক্লিনিং কাজ করার জন্য ঢাকা ওয়াসা মাস ক্লিনিং কাজের কমিটি কর্তৃক অনুমোদিত দর অনুযায়ী প্রাক্কলন তৈরী করা হয়েছে (ক্রঃ নং- ২ দ্রঃ)। যাতে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে = ৩,৮৮,৮০০/- (তিন লক্ষ আটটিশ হাজার আটশত টাকা) মাত্র (ক্রঃ নং- ৫ দ্রঃ)। নথিটি অনুমোদিত হলে উক্ত টাকার চেক নির্বাহী প্রকৌশলী, মডস জোন-২ এর অনুকূলে ইস্যু করা যেতে পারে। Mass Cleaning কাজ শেষে সার্কেল প্রধান এর মতামত গ্রহন সাপেক্ষে বিলটি সমন্বয় করা হবে।

০৩। এমতাবস্থায়, জনস্বার্থে ও ঢাকা ওয়াসা এর সুনাম রক্ষার্থে জরুরী ভিত্তিতে সুষ্ঠু পয়ঃ নিষ্কাশনের নিমিত্তে মডস জোন -২ এর আওতাধীন Mass Cleaning of sewer line & manhole at Nillambor Shaha Road, Kolan Mohol, Vagolpur Lane, Hazaribagh Road (partly) and adjacent area under MODS Zone-2, Dhaka WASA. (Group-07) শীর্ষক কাজটি বাস্তবায়নের জন্য পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর বিধি ১০০(১) (Force Account) অনুসরণে = ৩,৮৮,৮০০/- (তিন লক্ষ আটটিশ হাজার আটশত টাকা) টাকার প্রাক্কলনটিসহ বিগত বছরের ন্যায় উক্ত টাকার চেক নির্বাহী প্রকৌশলী, মডস জোন-২ এর অনুকূলে অনুমোদন করা যেতে পারে। ইস্যু কৃত চেক হতে প্রাপ্ত টাকা বর্নিত কাজে ব্যয় করা হবে এবং কাজ শেষে লেবার বিলের মাধ্যমে সমন্বয় করা হবে। আলোচ্য কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৫-২৬ অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-৬১ SLM হতে (Force Account) মাধ্যমে নির্বাহ করা হবে (ক্রঃ নং-০১ দ্রঃ)। যা অনুমোদনের ক্ষমতা মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, ঢাকা ওয়াসা এর আওতাধীন। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।

০৭/০২/২৬

মোঃ ওমর ফারুক
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।

A/E

০৭/০২/২৬

Sardar Jaeemul Hossain
Assistant Engineer,
MODS Zone-2, Dhaka WASA

E/E

০৭/০২/২০২৬

মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।

SE (MODS-1)

০৭/০২/২৬

মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
সার্কেল-১, ঢাকা ওয়াসা।

CE

১০/০২/২০২৬

শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

২৪/০২/২০২৬
DMO (O & M)

মোঃ মিজানুল হক
(অতিরিক্ত সচিব,
উপব্যবস্থাপনা পরিচালক (৩এডএম)
অতিরিক্ত দায়িত্ব)
ঢাকা ওয়াসা।

০৬/১০/২০২৬

উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ

CE

০৬/১০/২০২৬

০৬/১০/২০২৬

শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

২৪/১২/২০২৬

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।